বাংলাদেশকে বাঁচাতে হলে বিএনপির চক্রান্ত রুখে দিতে হবে

বাংলাদেশকে বাঁচাতে হলে বিএনপির চক্রান্ত রুখে দিতে হবে বলে জানিয়েছেন জাসদ সভাপতি, সাবেক তথ্যমন্ত্রী ও কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনের সংসদ সদস্য হাসানুল হক ইনু।

তিনি বলেন, ২৭ আর ১০ দফা দিয়ে বিএনপি আবারও সরাসরি ৭১,৭৫ ও ২১ আগস্টের খুনিদের সাথে এক প্লেটে ভাত খাচ্ছে। এটা রাজনৈতিক বেয়াদবি, যা মেনে নেওয়া যায় না। বাংলাদেশকে বাঁচাতে হলে বিএনপির এই চক্রান্ত যে কোন মূল্যে রুখে দিতে হবে।

মঙ্গলবার (৩ জানুয়ারি) বেলা সাড়ে ৩টায় কুষ্টিয়ার মিরপুর উপজেলার মশান মাধ্যমিক বিদ্যালয় মাঠে বারুইপাড়া ইউনিয়ন জাসদের সম্মেলন সভায় যোগ দিয়ে বিএনপি জোটের সরকার পতনের আন্দোলন প্রসঙ্গে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন।

এসময় ইনু আরো বলেন, বিএনপির ডানে রাজাকার, জামায়াত যুদ্ধাপরাধী আর বামে সুযোগ সন্ধানী কতিপয় দল জড়ো হচ্ছে। এরা কখন কোন দিকে যায় বোঝা যায় না। তবে কয়টা সুযোগ সন্ধানী দল যোগ হচ্ছে সেটা ব্যাপার না, জনগণ যোগ হচ্ছে কিনা সেটাই দেখার বিষয়।

ইনু বলেন, জনগণ ভরসা করতে পারে, অর্থনৈতিকসহ যে ধরনেরই বৈশ্বিক সংকট থাকুক না কেন, বর্তমান সরকার জনগণকে রক্ষা করবে। বারুইপাড়া ইউনিয়ন জাসদের সিনিয়র নেতা মোজাফ্ফার হোসেন জিন্নাহ মেম্বারের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন জাসদ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক আব্দুল আলিম স্বপন, কেন্দ্রীয় কমিটির সদস্য মোহাম্মদ আব্দুল্লাহ,উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আহাম্মদ আলী,যুগ্ম-সাধারণ সম্পাদক কারশেদ আলম,উপজেলা জাতীয় পাটির সাধারণ সম্পাদক শামিম আহমেদ, বারুইপাড়া ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ডাঃ শফিকুল ইসলাম মন্টু, সাবেক মিরপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শেখ মোহাঃ বাহাদুর, জেলা যুবজোটের সাধারণ সম্পাদক ডাঃ মাসুদ রানা, জাসদ নেতা রায়হান উদ্দিন, আব্দুল খালেক, সাদেক আলী মেম্বরসহ স্থানীয় নেতৃবৃন্দ।

এর আগে বেলা সাড়ে ১১ টার দিকে মিরপুর উপজেলা জাসদের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ শরীফ এর প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে স্মরণ সভায় বক্তব্য রাখেন ইনু।

এ সময় জাসদের মিরপুর উপজেলা শাখার সাধারণ সম্পাদক আহাম্মদ আলীর সভাপতিত্বে জেলা জাসদের সভাপতি গোলাম মহসিনসহ দলীয় নেতাকর্মীরা বক্তব্য রাখেন।